রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৫, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**বন শাখা -২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৩৮-আইন/২০২৬।**—সরকার, Forest Act, 1927 (XVI of 1927) এর section 28A এর sub-section (4) ও (5) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা সামাজিক বনায়ন বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আবর্তকাল (Rotation)"** অর্থ সামাজিক বনায়ন কার্যক্রমে গাছ রোপণ থেকে অপসারণ পর্যন্ত বিস্তৃত সময়কাল যাহা স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী হইতে পারে এবং যাহা বন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হইবে;

(খ) **"উডলট বা ব্লক বাগান"** অর্থ ভূমিরূপ বিবেচনায় বিভিন্ন ব্লকে কাঠ প্রধান গাছ দ্বারা সৃজিত বাগান;

(গ) **"গৌণ বনজ সম্পদ"** অর্থ জ্বালানি কাঠসহ অকাষ্ঠল (নন্ টিম্বার) বনজদ্রব্য যেমন: ভেষজ উদ্ভিদ, ছন, মধু ইত্যাদি;

(ঘ) **"চুক্তি"** অর্থ বিধি ৭ এর অধীন সামাজিক বনায়নের পক্ষগণের মধ্যে স্বাক্ষরিত চুক্তি এবং সমঝোতা স্মারকও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঙ) **"তহবিল"** অর্থ বিধি ১৪ এর অধীন গঠিত বৃক্ষরোপণ তহবিল;

(চ) **"বন অপরাধ"** অর্থ Forest Act, 1927 এর section 2 এর clause (3) এ সংজ্ঞায়িত Forest offence;

(ছ) **"বেসরকারী সংস্থা"** অর্থ Societies Registration Act, 1860 (Act XXI of 1860), Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 (Ord. XLVI of 1961) বা বৈদেশিক অনুদান (স্বেচ্ছামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ (২০১৬ সনের ৪৩ নং আইন) এর অধীন নিবন্ধিত কোনো সংস্থা;

(জ) **"ব্যবস্থাপনা কমিটি"** অর্থ বিধি ৮ এর অধীন গঠিত সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটি;

(ঝ) **"সামাজিক বনায়ন"** অর্থ Forest Act, 1927 (XVI of 1927) এর section 28A এর sub-section (1) ও (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সৃজনকৃত উডলট বা ব্লক, স্ট্রিপ বনায়ন, যাহা স্থানীয় অংশীজনদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পরিচালিত হয়;

(ঞ) **"স্থানীয় অংশীজন"** অর্থ বিধি ৭ অনুযায়ী সামাজিক বনায়ন কার্যক্রমে চুক্তিভুক্ত স্থানীয় জনগোষ্ঠী;

(ট) **"স্ট্রিপ বাগান"** অর্থ দেশের বিভিন্ন সড়ক, বাঁধ ও রেলপথের প্রান্ত ভূমিতে সারিবদ্ধভাবে সৃজিত বাগান।

৩। **সাধারণ নীতি**।—সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে বন অধিদপ্তর নিম্নবর্ণিত নীতি অনুসরণ করিবে, যথা:—

(ক) বন অধিদপ্তর Forest Act, 1927 এর section 28A(1) এর বিধান অনুসারে সামাজিক বনায়ন কার্যক্রম গ্রহণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক বনের ক্ষেত্রে কেবল অবক্ষয়িত বন এলাকা পুনঃপ্রতিষ্ঠার লক্ষ্যে সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়ন করিতে হইবে;

(খ) প্রাকৃতিক বনে সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে বনের বৈশিষ্ট্য ও জীববৈচিত্র্য সংরক্ষণ নিশ্চিত করিতে হইবে, রোপিত বৃক্ষ সংরক্ষণ করিতে হইবে এবং রোপিত বাগান যথাসম্ভব প্রযুক্তির মাধ্যমে পর্যবেক্ষণ করিতে হইবে;

(গ) সামাজিক বনায়ন কার্যক্রমে স্থানীয় সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করিতে হইবে;

(ঘ) সামাজিক বনায়ন কার্যক্রমে স্থানীয় অংশীজনের সহিত আলোচনা করিয়া স্থানীয় প্রজাতির ও স্থানীয় পরিবেশ উপযোগী বৃক্ষরোপণ করিতে হইবে এবং আগ্রাসী বা বিদেশি প্রজাতি পরিহার করিতে হইবে;

(ঙ) স্থানীয় অংশীজনদের মধ্যে ন্যূনতম এক-তৃতীয়াংশ নারী নির্বাচন করিতে হইবে;

(চ) স্থানীয় জনগোষ্ঠীর আবেদনের প্রেক্ষিতে বন বিভাগ সামাজিক বনায়নের জন্য প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান করিতে পারিবে;

(ছ) সামাজিক বনায়নে রোপিত গাছ কাটিয়া অংশীজনের মধ্যে অর্থ বিতরণের পরিবর্তে পৃথক ব্যবস্থাপনায় শ্রমের মূল্য ও রোপিত বাগানে বাগান কেন্দ্রিক সুবিধা প্রদান করা হইবে এবং সরকার এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় নির্দেশিকা প্রণয়ন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কাঠের চাহিদা পূরণের অত্যাবশ্যকতা বিবেচনায় অথবা অপরিহার্য জাতীয় প্রয়োজনে স্ট্রিপ, উডলট বা ব্লক বাগানের গাছ কর্তনের প্রয়োজন হইলে বন বিভাগ এতদ্‌বিষয়ে গঠিত সংশ্লিষ্ট কমিটির অনুমোদনক্রমে গাছ কর্তনপূর্বক বিধি ১৩ অনুযায়ী অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(জ) কাঠের চাহিদা পূরণে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমকে বন বিভাগ পৃথকভাবে চিহ্নিত করিবে।

৪। **সামাজিক বনায়নের ভূমি চিহ্নিতকরণ**।—(১) Forest Act, 1927 এর section 28A এ বর্ণিত ভূমিতে সামাজিক বনায়ন কার্যক্রম গ্রহণ করা যাইবে।

(২) অবক্ষয়িত বনভূমি পুনরুদ্ধার ও বন পুনঃপ্রতিষ্ঠায় বনের অবক্ষয়িত ভূমিতে সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়নে বন অধিদপ্তর জোন নির্ধারণ করিবে।

(৩) বনভূমিতে সামাজিক বনায়ন জোন চিহ্নিত করিবার ক্ষেত্রে জোন এলাকা লোকালয় সংলগ্ন বনের প্রান্তসীমা হইতে নির্ধারণ করিতে হইবে।

(৪) নিম্নবর্ণিত বৈশিষ্ট্যসমূহের ভিত্তিতে সরকারি বনে "সামাজিক বনায়ন জোন" চিহ্নিত করিতে হইবে, যথা:—

(ক) বনের সীমানার নিকটবর্তী জনবসতি কিংবা গ্রামের অবস্থান থাকিলে এবং বনভূমি বৃক্ষহীন বা অবক্ষয়িত হইলে;

(খ) বন বিরুদ্ধ কর্মকাণ্ডে ব্যবহৃত বনভূমি, তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক বনে সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে স্থানীয় অংশীজনকে গাছ কাটিয়া আর্থিক সুবিধা প্রদান করিবার বিধান প্রযোজ্য হইবে না।

(৫) নিম্নবর্ণিত ক্ষেত্রে সরকারি বনাঞ্চলে সামাজিক বনায়ন জোন চিহ্নিত করা যাইবে না, যথা:—

(ক) রক্ষিত এলাকা;

(খ) জীববৈচিত্র্য সমৃদ্ধ এলাকা;

(গ) রক্ষিত এলাকা বা বনের জীববৈচিত্র্য সমৃদ্ধ এলাকায় ইতোপূর্বে বাস্তবায়িত সামাজিক বনায়নের আবর্তকাল সমাপ্তিতে।

(৬) সরকারি অন্য সংস্থার মালিকানাধীন ভূমিতে সমঝোতা স্মারকের প্রেক্ষিতে সামাজিক বনায়ন কার্যক্রমের অধীন স্ট্রিপ, উডলট বা ব্লক বাগান সৃজন করা যাইবে।

(৭) উপ-বিধি (৫) এর অধীন সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে স্থানীয় প্রজাতির বৃক্ষরোপণ করিতে হইবে এবং জীববৈচিত্র্য সংরক্ষণ প্রাধান্য পাইবে।

(৮) উপ-বিধি (৫) এর অধীন স্ট্রিপ, উডলট বা ব্লক বাগানের ক্ষেত্রে স্থানীয় অংশীজনকে শ্রমের মজুরি ও রক্ষণাবেক্ষণ বাবদ আর্থিক সুবিধা প্রদান করা যাইবে, তবে অপরিহার্য জাতীয় প্রয়োজনে বৃক্ষ অপসারণ করিলে সেক্ষেত্রে স্থানীয় অংশীজনকে বিধি ১৩ অনুযায়ী আর্থিক সুবিধা প্রদান করা হইবে।

৫। **স্থানীয় অংশীজন নির্বাচন।**—(১) সামাজিক বনায়নের স্থানীয় অংশীজন নির্বাচনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কমিটি থাকিবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা বা এসএফএনটিসির ভারপ্রাপ্ত কর্মকর্তা- যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি ১জন- সদস্য;

(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর কাউন্সিলর ১জন-সদস্য;

(ঘ) সংশ্লিষ্ট হেডম্যান অথবা কার্বারি (পার্বত্য জেলাসমূহের ক্ষেত্রে) ১জন- সদস্য;

(ঙ) বেসরকারি সংস্থার প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) ১জন- সদস্য;

(চ) স্থানীয় পরিবেশ কর্মী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) ১জন- সদস্য;

(ছ) সংশ্লিষ্ট বিট কর্মকর্তা বা উপজেলা ফরেস্টার-যিনি ইহার সদস্য-সচিব হইবেন ।

(২) কমিটির দুই-তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।

(৩) কমিটি সামাজিক বনায়নের জন্য নির্ধারিত ভূমির এক কিলোমিটারের মধ্যে বসবাসকারী স্থানীয় অধিবাসীদের মধ্যে নিম্নবর্ণিত ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদানপূর্বক স্থানীয় অংশীজন নির্বাচন করিবে, যথা:—

(ক) ভূমিহীন বা ৫০ শতাংশের কম ভূমির মালিক;

(খ) বিধবা বা স্বামী পরিত্যাক্তা বা দুঃস্থ নারী;

(গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দুঃস্থ সদস্য;

(ঘ) অস্বচ্ছল প্রতিবন্ধী; এবং

(ঙ) অন্যান্য সুবিধাবঞ্চিত ও অনগ্রসর অধিবাসী।

(৪) কোনো স্থানীয় অংশীজন একের অধিক সামাজিক বনায়নে চুক্তিভুক্ত হইতে পারিবে না।

(৫) স্থানীয় অংশীজনদের ন্যূনতম এক-তৃতীয়াংশ নারী নির্বাচন করিতে হইবে।

(৬) ব্লক বাগানের ক্ষেত্রে ১ (এক) জন স্থানীয় অংশীজন সর্বোচ্চ ১ (এক) একরের জন্য এবং স্ট্রিপ বনায়নের ক্ষেত্রে প্রতি কিলোমিটারের (প্রতি ১ হাজার রোপিত চারা) জন্য সর্বনিম্ন ৫ (পাঁচ) জন স্থানীয় অংশীজন নিয়োগ করিতে হইবে।

(৭) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, চুক্তিভুক্ত কোনো স্থানীয় অংশীজন বিবাহিত পুরুষ হইলে তাহার স্ত্রীও স্থানীয় অংশীজন হিসাবে গণ্য হইবেন এবং চুক্তিভুক্ত কোনো স্থানীয় অংশীজন বিবাহিত নারী হইলে তাহার স্বামীও স্থানীয় অংশীজন হিসাবে গণ্য হইবেন, তবে তাহারা উভয়েই একত্রে একক অংশীজন হিসাবে গণ্য হইবেন।

(৮) এই বিধিমালার অধীন চুক্তি বলবৎ থাকাকালীন স্থানীয় অংশীজন স্বামী-স্ত্রীর মধ্যে বিবাহ বিচ্ছেদ হইলে তাহারা উভয়েই সমঅংশের ভিত্তিতে অংশীজন হিসাবে বহাল থাকিবেন এবং বিক্রয়লব্ধ আয় সমহারে প্রাপ্ত হইবেন, তবে যদি স্বামী বা স্ত্রী ইচ্ছা পোষণ করেন তাহা হইলে একক অংশীজন হিসাবে রাখা যাইতে পারে।

(৯) ফৌজদারি অপরাধ বা বন অপরাধে অভিযুক্ত বা অপরাধী ব্যক্তি স্থানীয় অংশীজন হইবার যোগ্য হইবেন না।

(১০) সামাজিক বনায়ন ভূমির ১ (এক) কিলোমিটারের মধ্যে পর্যাপ্ত সংখ্যক স্থানীয় অংশীজন পাওয়া না গেলে উক্ত এলাকার নিকটতম এলাকায় বসবাসকারী অধিবাসীগণের মধ্য হইতে উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে স্থানীয় অংশীজন নির্বাচন করা যাইবে।

(১১) স্থানীয় অংশীজন নির্বাচন কমিটি সামাজিক বনায়নের স্থানীয় অংশীজন নির্বাচনপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ সহকারে বিভাগীয় বন কর্মকর্তার নিকট প্রেরণ করিবে।

৬। **বেসরকারি সংস্থা নিয়োগ**।—উন্নয়ন প্রকল্পের সংস্থানের ভিত্তিতে প্রকল্পের বিধান অনুযায়ী সামাজিক বনায়ন কার্যক্রমে বেসরকারি সংস্থা নিয়োগ করা যাইবে।

৭। **সামাজিক বনায়ন চুক্তি**।—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত পক্ষসমূহ চুক্তি সম্পাদন করিতে পারিবে, যথাঃ—

(ক) বন অধিদপ্তর;

(খ) ভূমির মালিক বা মালিক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান অথবা সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থা, প্রযোজ্য ক্ষেত্রে;

(গ) স্থানীয় অংশীজন; এবং

(ঘ) উন্নয়ন প্রকল্পের অধীন গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমের ক্ষেত্রে প্রকল্পের সংস্থানের ভিত্তিতে, বেসরকারি সংস্থা।

(২) উপ-বিধি (১) এর অধীন সম্পাদিতব্য চুক্তিতে বন অধিদপ্তর এবং স্থানীয় অংশীজন অবশ্যই পক্ষ হিসাবে থাকিতে হইবে।

(৩) স্থানীয় অংশীজনের সহিত বন অধিদপ্তরের সম্পাদিত চুক্তিনামা হস্তান্তরযোগ্য নহে এবং স্থানীয় অংশীজন তাহার দায়িত্ব, কর্মব্যবস্থাপনা এবং সুবিধা অন্য কোনো ব্যক্তিকে হস্তান্তর করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, কোনো স্থানীয় অংশীজন মৃত্যুবরণ করিলে চুক্তির অধীন তাহার দায়িত্ব ও সুবিধা তাহার স্ত্রী অথবা স্বামীকে হস্তান্তর করা যাইবে এবং স্বামী-স্ত্রী উভয়ের মৃত্যুর ক্ষেত্রে স্থানীয় অংশীজনের মনোনীত উত্তরাধিকারীর বা ব্যক্তির (নমিনী) উপর বর্তাইবে।

(৪) সামাজিক বনায়ন চুক্তিতে স্থানীয় অংশীজনের নমিনীর উল্লেখ থাকিতে হইবে যাহার অবর্তমানে চুক্তির অধীন আর্থিক সুবিধা সরকারি কোষাগারে জমা হইবে এবং এই ক্ষেত্রে সংশ্লিষ্ট উত্তরাধিকারী অথবা নমিনীর সামাজিক বনায়নের আর্থিক সুবিধা বন্টন শুরুর ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হইবার পর সরকারি কোষাগারে জমা করিতে হবে।

(৫) বনায়নের ক্ষেত্রে চুক্তির মেয়াদ বন বিভাগ কর্তৃক নির্ধারিত হইবে।

(৬) নিম্নবর্ণিত ক্ষেত্রে সামাজিক বনায়নের চুক্তি বাতিল করা যাইবে, যথা:—

(ক) বনায়ন ব্যতীত অন্য কোনো কার্যক্রম গ্রহণ করিলে;

(খ) বনায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী বনায়ন কার্যক্রম গ্রহণ না করিলে;

(গ) অননুমোদিত প্রজাতি রোপণ করিলে;

(ঘ) সংশ্লিষ্ট বন বাগান বা তাহার পার্শ্ববর্তী বনাঞ্চল বা বন বাগানের বৃক্ষ সম্পদ, বন্যপ্রাণী, জীববৈচিত্র্যের ক্ষতি সাধন বা বনভূমির শ্রেণি পরিবর্তন ইত্যাদির সহিত সম্পৃক্ততা থাকিলে;

(ঙ) চুক্তিনামার কোনো শর্ত ভঙ্গ করিলে।

৮। **সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটি**।—(১) সামাজিক বনায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভাগীয় বন কর্মকর্তা চুক্তিভুক্ত স্থানীয় অংশীজন ও বন অধিদপ্তরের প্রতিনিধির সমন্বয়ে সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটি নামে ব্যবস্থাপনা কমিটি গঠন করিবেন, যথা:—

(ক) সভাপতি;

(খ) কোষাধ্যক্ষ;

(গ) ৪ (চার) জন সদস্য (যাহার মধ্যে তিনজন স্থানীয় অংশীজন এবং একজন বন অধিদপ্তরের স্থানীয় বিট কর্মকর্তা বা উপজেলা ফরেস্টার);

(ঘ) সদস্য-সচিব।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির সভাপতি, কোষাধ্যক্ষ, তিনজন স্থানীয় অংশীজন সদস্য ও সদস্য-সচিব চুক্তিভুক্ত স্থানীয় অংশীজনদের মধ্যে হইতে নির্বাচিত হইবে।

(৩) ব্যবস্থাপনা কমিটির ন্যূনতম ২(দুই) জন সদস্য নারী হইবেন।

(৪) কমিটির দুই-তৃতীয়াংশ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে এবং সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৫) সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটির মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর, তবে নূতন কমিটি গঠন না হওয়া পর্যন্ত পূর্বের কমিটি বলবৎ থাকিবে।

(৬) কমিটির সদস্যগণ পুনরায় নির্বাচিত হইবার যোগ্য হইবেন, তবে একই ব্যক্তি একই পদে পর পর দুই মেয়াদের অধিক নির্বাচনযোগ্য হইবেন না।

(৭) ব্যবস্থাপনা কমিটির যে কোনো সদস্য, সভাপতির নিকট এবং সভাপতি, বিভাগীয় বন কর্মকর্তার নিকট লিখিত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।

৯। **বন অধিদপ্তরের দায়িত্ব**।—সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়নে বন অধিদপ্তর নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন করিবে, যথাঃ—

(ক) বনভূমিতে সামাজিক বনায়নের জন্য জোন নির্ধারণ;

(খ) স্থানীয় অংশীজন নির্বাচন কমিটি এবং সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটি গঠন;

(গ) সামাজিক বনায়নের স্থানীয় অংশীজন ও ব্যবস্থাপনা কমিটির সহিত আলোচনাক্রমে বৃক্ষরোপণের কর্মপরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন;

(ঘ) ভূমির স্বত্বাধিকারী ব্যক্তি বা সংস্থা, স্থানীয় অংশীজন এবং অন্যান্যদের সহিত চুক্তি সম্পাদন ও এই বিধির বিধানাবলির আলোকে চুক্তি বাতিলকরণ;

(ঙ) সামাজিক বনায়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সরকারি বা স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ সংস্থার সহিত সমোঝোতা স্মারক (MOU) সম্পাদন;

(চ) সামাজিক বনায়নে রোপিত বৃক্ষের আবর্তকাল নির্ধারণ;

(ছ) সামাজিক বনায়ন কার্যক্রম এবং বৃক্ষরোপণ তহবিল ব্যবস্থাপনা করা ও অডিট সম্পাদন;

(জ) সামাজিক বনায়নের অংশীজনদের কারিগরি পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনে স্থানীয় অংশীজনদের বীজ বা চারা সংগ্রহে সহায়তা প্রদান;

(ঝ) স্থানীয় অংশীজনদের মধ্যে বন, জীববৈচিত্র্য ও বন্যপ্রাণী বিষয়ে সচেতনতা সৃষ্টি করা;

(ঞ) ব্যবস্থাপনা কমিটির সহিত আলোচনা সাপেক্ষে বাগানের চূড়ান্ত ফসল আহরণ এবং আহরিত ফসল বাজারজাতকরণ এবং উহা হইতে লব্ধ আয় বিধি ৭ এর অধীন চুক্তিভুক্ত অংশীজনের মধ্যে বন্টন;

(ট) সামাজিক বনায়নের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সহিত সামাজিক বনায়ন কার্যক্রমের অগ্রগতির পর্যালোচনা করা এবং প্রয়োজনে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ;

(ঠ) সামাজিক বনায়নে অংশগ্রহণকারী সকল সদস্যের প্রয়োজনীয় তথ্য সংবলিত একটি পূর্ণাঙ্গ ডিজিটাল ডাটা বেইজ বা রেজিষ্টার সংরক্ষণ;

(ড) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে গৃহীত সামাজিক বনায়ন কার্যক্রমে কর্মপরিকল্পনা প্রণয়নে স্থানীয় অংশীজনদের সহায়তা প্রদান এবং কর্মপরিকল্পনা অনুমোদন;

(ঢ) সামাজিক বনায়ন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে অন্যান্য দায়িত্ব পালন।

১০। **সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব**।—ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সামাজিক বনায়ন কার্যক্রমের আওতায় সৃজিত বনের সুষ্ঠু পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের বিষয়ে তদারকি ও পরামর্শ প্রদান;

(খ) সামাজিক বনায়নের কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও সুবিধা বন্টনে পরামর্শ ও সহায়তা প্রদান;

(গ) স্থানীয় অংশীজনবৃন্দকে তাহাদের দায়িত্ব পালনে উদ্বুদ্ধকরণ এবং দায়িত্ব পালনে ব্যত্যয়ের ক্ষেত্রে বিভাগীয় বন কর্মকর্তাকে অবহিতকরণ;

(ঘ) স্থানীয় অংশীজনকে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণে উদ্বুদ্ধ ও সচেতন করা;

(ঙ) চুক্তিভুক্ত বিভিন্ন পক্ষের মধ্যে উদ্ভূত বিরোধ নিষ্পত্তিকরণ;

(চ) সামাজিক বনায়ন কার্যক্রম বিষয়ে বিভাগীয় বন কর্মকর্তার নিকট বার্ষিক প্রতিবেদন প্রেরণ;

(ছ) বিধি ১৪ তে বর্ণিত বৃক্ষরোপণ তহবিল ব্যবস্থাপনার জন্য উপ-কমিটি গঠন; এবং

(জ) সামাজিক বনায়ন ব্যবস্থাপনা সংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন।

১১। **চুক্তিভুক্ত ভূমির মালিক বা দখলী স্বত্বাধিকারী ব্যক্তি বা সংস্থার দায়িত্ব**।—চুক্তিভুক্ত ভূমির মালিক বা দখলী স্বত্বাধিকারী ব্যক্তি বা সংস্থা—

(ক) সামাজিক বনায়নের জন্য সম্পাদিত চুক্তির মেয়াদকালে হস্তান্তরকৃত ভূমিতে সামাজিক বনায়ন কার্যক্রম বাধাগ্রস্ত বা ক্ষতিগ্রস্ত করিবে না;

(খ) চুক্তিভুক্ত ভূমিতে রোপিত বৃক্ষের নিরাপত্তা, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান করিবে;

(গ) সামাজিক বনায়নে ব্যবহৃত ভূমির জন্য কোনো প্রকার চার্জ বা ভাড়া আরোপ করিতে পারিবে না;

(ঘ) অপরিহার্য জাতীয় প্রয়োজনে বৃক্ষ কর্তন ও অপসারণের প্রয়োজন হইলে বন অধিদপ্তরকে সেই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করিবে।

১২। **স্থানীয় অংশীজনদের দায়িত্ব ও কর্তব্য**।—চুক্তিভুক্ত স্থানীয় অংশীজন নিম্নবর্ণিত দায়িত্ব ও কর্তব্যসমূহ পালন করিবেন, যথা:—

(ক) সামাজিক বনায়ন ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নে ও বাস্তবায়নে অংশগ্রহণ;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে সামাজিক বনায়নের জন্য চারা সংগ্রহ বা উৎপাদন;

(গ) অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী বৃক্ষরোপণ, রোপিত বৃক্ষের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ এবং বন সংরক্ষণে সহযোগী ভূমিকা পালন;

(ঘ) অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী বৃক্ষের ঘনত্ব হ্রাসকরণ, ডালপালা ছাঁটাইকরণ ও অন্যান্য কার্যাবলি সম্পাদন;

(ঙ) সামাজিক বনায়ন এলাকায় যে কোনো ধরনের বন অপরাধ বিষয়ে স্থানীয় বন কর্মকর্তাদের অবহিতকরণ; এবং

(চ) বন অধিদপ্তর কর্তৃক সামাজিক বনায়ন সংক্রান্ত সময় সময় অর্পিত অন্য কোনো দায়িত্ব পালন।

**১৩। সামাজিক বনায়ন হইতে লব্ধ আয়ের বন্টন।**—(১) বিধি ১২ এর দফা (ঘ) এ বর্ণিত ক্ষেত্রে ছাঁটাইকৃত ডালপালা, প্রথম ঘনত্ব হ্রাসকরণ (First Thinning) কালে কর্তিত বৃক্ষ, ফলদ বৃক্ষের ফল এবং উৎপাদিত কৃষিজাত ফসল সম্পূর্ণভাবে স্থানীয় অংশীজন প্রাপ্য হইবেন।

(২) বন বিভাগ কর্তৃক নির্ধারিত সামাজিক বনায়ন জোনে প্রথম ঘনত্ব হ্রাসকরণের পরবর্তী সকল ঘনত্ব হ্রাসকরণ এবং কাঠের চাহিদা পূরণে গৃহীত সামাজিক বনায়নের গাছ কর্তনের ক্ষেত্রে লব্ধ আয় চুক্তিভুক্ত অংশীজনের মধ্যে নিম্নবর্ণিত হারে বন্টিত হইবে, যথা:—

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ৪৫% |
| (আ) স্থানীয় অংশীজন | ৪৫% |
| (ই) বৃক্ষরোপণ তহবিল | ১০% |

।

(৩) বনভূমি বা বন অধিদপ্তরের নিকট হস্তান্তরিত ভূমি ব্যতীত অন্যান্য ভূমিতে প্রথম ঘনত্ব হ্রাসকরণের পরবর্তী সকল ঘনত্ব হ্রাস করণ, কাঠের চাহিদা পূরণে গৃহীত সামাজিক বনায়নের গাছ কর্তনের ক্ষেত্রে এবং অপরিহার্য জাতীয় প্রয়োজনে কর্তিত বৃক্ষ হইতে লব্ধ আয় চুক্তিভুক্ত অংশীজনের মধ্যে নিম্নবর্ণিত হারে বন্টিত হইবে, যথা:—

(ক) বনভূমি বা বন অধিদপ্তরকে হস্তান্তরিত ভূমি ব্যতীত অন্য কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থার মালিকানা বা দখলী স্বত্বাধীন ভূমিতে সৃজিত স্ট্রিপ বাগানের ক্ষেত্রে—

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ১০% |
| (আ) ভূমির মালিক বা দখলী স্বত্বাধিকারী সংস্থা | ২০% |
| (ই) স্থানীয় অংশীজন | ৫৫% |
| (ঈ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন | ৫% |
| (উ) বৃক্ষরোপণ তহবিল | ১০% |

;

(খ) বনভূমি বা বন অধিদপ্তরকে হস্তান্তরিত ভূমি ব্যতীত অন্য কোনো সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থার মালিকানা বা দখলী স্বত্বাধীন ভূমিতে সৃজিত উডলট বা ব্লক বাগানের ক্ষেত্রে—

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) বন অধিদপ্তর | ২০% |
| (আ) স্থানীয় অংশীজন | ৪৫% |
| (ই) ভূমির মালিক বা দখলদার | ২০% |
| (ঈ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন | ৫% |
| (উ) বৃক্ষরোপণ তহবিল | ১০% |

;

(গ) ব্যক্তি মালিকানাধীন ভূমিতে সামাজিক বনায়নের মাধ্যমে উডলট বা ব্লক এবং স্ট্রিপ বাগানের ক্ষেত্রে—

| পক্ষ | প্রাপ্য হার |
|---|---|
| (অ) ভূমি মালিক | ৫০% |
| (আ) স্থানীয় অংশীজন | ৫০% |

।

(৪) সরকার গেজেট প্রজ্ঞাপন দ্বারা লব্ধ আয় বন্টনের হার সময় সময় পরিবর্তন করিতে পারিবে।

১৪। **বৃক্ষরোপণ তহবিল**।—(১) প্রত্যেক বিভাগীয় বন কর্মকর্তার নিয়ন্ত্রণে বৃক্ষরোপণ তহবিল নামে একটি তহবিল থাকিবে যাহাতে বিধি ১৩ এর অধীন লব্ধ আয়ের বৃক্ষরোপণ তহবিল অংশের অর্থ জমা করা হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত বৃক্ষরোপণ তহবিল কোনো তফসিলী ব্যাংকের শর্ট নোটিস ডিপোজিট (এসএনডি) অথবা অনুরূপ অ্যাকাউন্টে জমা করিতে হইবে।

(৩) প্রত্যেক সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটির নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে তহবিল ব্যবস্থাপনা উপ-কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) ব্যবস্থাপনা কমিটির সভাপতি – সভাপতি (পদাধিকারবলে);

(খ) ব্যবস্থাপনা কমিটির কোষাধ্যক্ষ- কোষাধ্যক্ষ (পদাধিকারবলে);

(গ) ব্যবস্থাপনা কমিটির ১ জন সদস্য- সদস্য-সচিব (ব্যবস্থাপনা কমিটি দ্বারা নির্বাচিত)।

(৪) তহবিল ব্যবস্থাপনা উপ-কমিটির সভাপতি ও কোষাধ্যক্ষের যৌথ হিসাবের মাধ্যমে উক্ত উপ-কমিটির নিকট বৃক্ষরোপণ তহবিল হইতে স্থানান্তরিত তহবিল (অর্থ) উপ-বিধি (৬) এ বর্ণিত এক বা একাধিক কাজের জন্য ব্যয় ব্যবস্থাপনা করা হইবে এবং সামাজিক বনায়ন ব্যবস্থাপনা কমিটির সুপারিশ বা প্রস্তাবের প্রেক্ষিতে বিভাগীয় বন কর্মকর্তার বৃক্ষরোপণ তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ তহবিল ব্যবস্থাপনা উপ-কমিটির যৌথ হিসাবে স্থানান্তর করা হইবে।

(৫) তহবিল ব্যবস্থাপনা উপ-কমিটি তহবিলে স্থানান্তরিত অর্থের ও ব্যয়িত অর্থের হিসাব এবং সকল হিসাব বহি, রেজিষ্টারে বিবরণী ও অন্যান্য নথিপত্র সংরক্ষণ করিবে।

(৬) এই বিধিমালা অথবা পূর্ববর্তী বিধিমালার অধীন বৃক্ষরোপণ তহবিলে জমাকৃত অর্থ নিম্নবর্ণিত কাজে ব্যয় করা যাইবে, যথা:—

(ক) বাগানের খাড়া গাছ মার্কিং (Standing Marking) কার্যক্রম;

(খ) পরবর্তী আবর্তের সামাজিক বনায়ন কর্মসূচির বৃক্ষরোপণ, পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ;

(গ) বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, স্থানীয় অংশীজন কর্তৃক নার্সারি ও বাগান সৃষ্টিসহ বৃক্ষভিত্তিক কর্মকাণ্ড;

(ঘ) স্থানীয় অংশীজনদের জন্য বিকল্প আয়বর্ধক ও সমাজ উন্নয়নমূলক কর্মকাণ্ড;

(ঙ) বিভাগীয় বন কর্মকর্তা তাহার অধিক্ষেত্রাধীন যে কোনো এলাকায় বৃক্ষরোপণ তহবিলের অব্যবহৃত বা উদ্বৃত্ত অংশ সামাজিক বনায়ন কার্যক্রমে ব্যয় করিতে পারিবে, তবে এই ক্ষেত্রে সংশ্লিষ্ট বন সংরক্ষকের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৭) তহবিল ব্যবস্থাপনা উপ-কমিটি কর্তৃক ব্যয়িত অর্থের হিসাব যথাযথরূপে রক্ষিত হইবে এবং তহবিলের হিসাব সংক্রান্ত সকল বহি, বিবরণী ও অন্যান্য নথিপত্র স্থানীয় অংশীজন এবং বন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।

**১৫। বিরোধ নিষ্পত্তি।**—(১) সামাজিক বনায়ন সংক্রান্ত বিরোধ নিম্নবর্ণিত ব্যক্তি অথবা কমিটির দ্বারা চূড়ান্তভাবে নিষ্পত্তিযোগ্য হইবে, যথা:—

(ক) ব্যবস্থাপনা কমিটির দ্বারা, যদি বিরোধটি স্থানীয় অংশীজনদের মধ্যকার হয়;

(খ) সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা বা এসএফএনটিসির ভারপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা, যদি বিরোধটি ব্যবস্থাপনা কমিটি এবং স্থানীয় অংশীজনদের মধ্যকার হয়;

(গ) সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক দ্বারা, যদি বিরোধটি বন কর্মচারী এবং স্থানীয় অংশীজনদের মধ্যকার হয়;

(ঘ) বিভাগীয় বন কর্মকর্তা দ্বারা, যদি বিরোধটি বন কর্মচারী এবং ব্যবস্থাপনা কমিটির মধ্যকার হয়।

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এর অধীন ব্যবস্থাপনা কমিটির কোনো সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হইলে সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা বা ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট আপিল করা যাইবে এবং দফা (খ), (গ) ও (ঘ) এর অধীন কোনো সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে সংশ্লিষ্ট পরবর্তী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আপিল করা যাইবে এবং উক্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**১৬। রহিতকরণ ও হেফাজত।**—(১) সামাজিক বনায়ন বিধিমালা, ২০০৪ এতদ্দারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ স্বত্তেও, রহিত বিধিমালার অধীন অনিষ্পন্ন কার্যক্রম রহিত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ মোহছিনা আকতার বানু**
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd